



**COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY**  
B.A./B.Sc./B.Com. Programme 1st Semester Examinations, 2022

**BENGALI (MIL)**

বাংলা ভাষা, উচ্চারণ, বানান, অর্থবোধের চর্চা

**AECC**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

পার্স্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবেন।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:

১×১০ = ১০

- (ক) পদ কাকে বলে ?
- (খ) ড, ঢ, য এই তিন ব্যঞ্জনবর্ণ পদ মধ্যে বা পদান্তে থাকলে কোন্ কোন্ বর্ণে রূপান্তরিত হয় ?
- (গ) সংখ্যাবাচক শব্দগুলি 'বর্ণপরিচয়'-এর কোন্ ভাগে লিখিত আছে ?
- (ঘ) মাধব কে ? তার মহৎ দোষ কী ?
- (ঙ) 'বর্ষা নেমেছে' — এই পাঠে রবীন্দ্রনাথ কোন্ যুক্ত ব্যঞ্জনের শিক্ষা দিতে চেয়েছেন ?
- (চ) আদ্যনাথবাবুর কন্যার নাম কী ?
- (ছ) শব্দ বিভক্তি কাকে বলে ?
- (জ) বাংলা বর্ণমালার কোন্ দুটি বর্ণ 'বর্ণপরিচয়' গ্রন্থে পরিত্যক্ত হয়েছে ?
- (ঝ) পিতামাতা পাঠে 'সুসজ্ঞান'দের সম্পর্কে কী বলা হয়েছে ?
- (ঞ) 'ব' ফলা যোগে দুটি শব্দ লেখো।
- (ট) 'বর্ণপরিচয়'-এর ১৭নং পাঠে ভুবনকে কে গালি দিয়েছিল ?
- (ঠ) গোপাল কোন্ ধরনের বালক ?
- (ড) 'সহজপাঠে' হ, ক্ষ এই বর্ণ দুটির ছড়ার ব্যবহার লেখো।
- (ঢ) শচী সেন, মণি সেন, বংশী সেন কী খেলা খেলতে আসছেন ?
- (ণ) বাংলা স্বরসন্ধিতে পূর্বস্বরের লোপের একটি উদাহরণ দাও।

২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

৫×১ = ৫

- (ক) 'নাম তার মতিবিল' ছড়াটির বক্তব্য বিষয় আলোচনা করো।
- (খ) 'বর্ণপরিচয়' অনুসরণে সুশীল বালকের পরিচয় দাও।
- (গ) গত্ব-বিধান ও যত্ব-বিধানের পার্থক্য নির্দেশ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১০×১ = ১০

- (ক) 'বর্ণপরিচয়' গ্রন্থে বিদ্যাসাগর শিশুদের চরিত্র গঠন সম্পর্কিত যে নীতিমূলক আলোচনা করেছেন লেখকের অনুসরণে তা লেখো।
- (খ) 'সহজপাঠে'র একটি কবিতায় শিশুর মনের ইচ্ছা স্বপ্নের মাধ্যমে প্রকাশিত হয়েছে — কবিতাটি অবলম্বনে আলোচনা করো।
- (গ) ক্রিয়ার কাল সম্পর্কে আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

১৫×১ = ১৫

- (ক) "চুরি করা কদাচ উচিত নয়" — কোন্ পাঠের নীতিবাক্য এটি? এই নীতিবাক্যটির যথার্থ 'বর্ণপরিচয়' অবলম্বনে আলোচনা করো।
- (খ) রবীন্দ্রনাথের অনুসরণে বিশ্বম্ভরবাবুর কাহিনি বিবৃত করো।
- (গ) অব্যয় কাকে বলে? এর শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা করো।

—x—